



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৪৪৮/ঢাকা/ ৪০৯৬(৭)

তারিখ : ০৯/১২/২০২০

বিষয় : ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/০১/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬.২৫।
(২) বোর্ডের ১৬/০৬/২০১৬ তারিখের ২৭৪৪ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিদ্যালয়টি বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার অনুমতি ব্যতীত বিধি বহির্ভূতভাবে বিজ্ঞান শাখায় ২২১৬ জন এবং ব্যবসায় শিক্ষা শাখায় ৮২১ জন শিক্ষার্থী ভর্তি, রেজিস্ট্রেশন করণ, ফরম পূরণ, পরীক্ষায় অংশগ্রহণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছেন।

এমতাবস্থায়, উক্তরূপ অনিয়ম করার কারণে কেন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতিপত্র প্রত্যাহার করা হবে না- মর্মে পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।

২। বোর্ডের ১৬/০৬/২০১৬ তারিখের ২৭৪৪ নং পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র অদ্যাবধি জমা দেয়া হয়নি। ফলে বোর্ড কর্তৃক চাহিত কাগজপত্র জমা দেয়ার জন্য পুনরায় তাগাদা দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক : প্রধান শিক্ষক
ন্যাশনাল আইডিয়াল স্কুল
মুগদা, সবুজবাগ, ঢাকা।

স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

মেমো নং- ৪০৯৬(৭)

তারিখ : ০৯/১২/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। সভাপতি, নির্বাহী কমিটি, ন্যাশনাল আইডিয়াল স্কুল।
- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।